ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-১৭৯০
আগরতলা,১৭ জুলাই,২০২৫

## প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

‘‘চিকিৎসকের চরম গাফিলতিতে প্রভাব পড়ছে শিশুদের টিকাদানের ক্ষেত্রে’’ এই শিরোনামে আজকের ফরিয়াদ পত্রিকায় গত ১৬ জুলাই, ২০২৫ প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই সংবাদের পরিপ্রেক্ষিতে, চাচুবাজার প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের প্রদত্ত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো যাচ্ছে যে, প্রকাশিত সংবাদে ১৬ জুলাই তারিখে টিকাদান কর্মসূচির উল্লেখ থাকলেও, তুইরাজবাড়ি সাব-সেন্টার আয়ুষ্মান আরোগ্য মন্দিরে কোনো টিকাদান কর্মসূচি নির্ধারিত ছিল না। বর্তমানে তুইরাজবাড়ি সাব-সেন্টারে লিটন পাল নামে একজন এমপিডব্লিউ কর্মরত রয়েছেন।

এদিকে, প্রকাশিত সংবাদে উক্ত এমপিডব্লিউ-এর বিরুদ্ধে অতিতে অনিয়মিত থাকার অভিযোগের ভিত্তিতে চাচুবাজার প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের ভারপ্রাপ্ত চিকিৎসক তাকে ইতিপূর্বে বেশ কয়েকবার সতর্কও করেছেন।

এছাড়াও, কর্তৃপক্ষ আরও জানিয়েছেন যে, কিছুদিন আগে সাব-সেন্টারের জমির মালিকের সঙ্গে কিছু দাবি-দাওয়া পূরণ না হওয়ার অভিযোগ এনে তারা তুইরাজবাড়ি সাব-সেন্টার আয়ুষ্মান আরোগ্য মন্দিরটি তালাবদ্ধ করে দেন। পরে মোহনপুর মহকুমা শাসকের-এর হস্তক্ষেপে বিষয়টি সাময়িকভাবে মীমাংসা হয়েছে।

*****